

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২১২

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসির দোয়া ও ইফতার মাহফিল প্রসঙ্গে।

পবিত্র রমজান মাস উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর উদ্যোগে গত ১০ মার্চ ২০২৬, মঙ্গলবার বাদ আসর কমিশন প্রাঙ্গণে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। উক্ত দোয়া ও ইফতার মাহফিলে বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ এবং কমিশনের সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

উক্ত দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠানে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। একইসঙ্গে দেশের পুঁজিবাজারের উন্নয়ন, স্থিতিশীলতা ও বিনিয়োগকারীদের কল্যাণ কামনা করেও দোয়া করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পবিত্র রমজান মাসের তাৎপর্য উপলব্ধি করে প্রতিবছর এ ধরনের ধর্মীয় ও সামাজিক আয়োজন করে থাকে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

